

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৪ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ / ২৮ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

এস.আর.ও, নং-২০৩-আইন/২০১৮/৮০৬-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৫ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪২৫ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও. নং- ১৭১-আইন/২০১৮/৭৯৪-মুসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলে উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা (Heading No.) এর বিপরীতে কলাম (২) এ বিধৃত সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত পণ্যের ক্ষেত্রে খুচরা মূল্যের ভিত্তিতে উৎপাদন পর্যায়ে মূল্য সংযোজন কর আরোপিত হইবে বলিয়া স্থির করিল, যথা:-

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No.)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ (Description of goods)
(১)	(২)	(৩)
২৪.০২	২৪০২.২০.০০	তামাকযুক্ত সিগারেট (Cigarettes containing tobacco, manufactured mechanically)
	২৪০২.৯০.০০	বিড়ি
৩৮.০৮	সংশ্লিষ্ট এইচ.এস. কোড	অ্যারোসল, ডিজইনফেকট্যান্ট

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি)
সিনিয়র সচিব